

ঢাকা ওয়াসা

বিষয়ঃ ০৩ ব্যাচে “অডিট আপত্তি নিষ্পত্তি”-শীর্ষক প্রশিক্ষণ কর্মশালা আয়োজন প্রসঙ্গে।

০১। বর্ণিত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা ওয়াসা প্রশিক্ষণ কেন্দ্র কর্তৃক ০৩ ব্যাচে “অডিট আপত্তি নিষ্পত্তি”-শীর্ষক প্রশিক্ষণ কর্মশালা আয়োজনের উদ্যোগ নেওয়া হয়েছে। অডিট আপত্তি নিষ্পত্তি সম্পর্কে সম্যক ধারণা প্রদান এবং অনিষ্পন্ন অডিট আপত্তি নিষ্পত্তির কাজ দক্ষতার সাথে ও সুচারুরূপে সম্পন্ন করার জন্য ঢাকা ওয়াসা বিভিন্ন অফিস/বিভাগ/জোন এ কর্মরত প্রতি ব্যাচে ৫০ জন হিসেবে মোট ১৫০ (একশত পঞ্চাশ) জন কর্মকর্তাকে (সংযুক্তি-১) ০৩ ব্যাচে উক্ত প্রশিক্ষণ প্রদান করা হবে। উক্ত কোর্সে স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন অডিট অধিদপ্তর এর মহাপরিচালক মহোদয়ের সাথে আলোচনাক্রমে কর্মশালার প্রোগ্রাম (সংযুক্তি-২) প্রণয়ন করা হয়েছে। ০৩ ব্যাচের উক্ত প্রশিক্ষণ কর্মশালা যথাক্রমে আগামী ২০ এপ্রিল ২০২৬ (১ম ব্যাচ), ২৩ এপ্রিল ২০২৬ (২য় ব্যাচ) এবং ২৭ এপ্রিল ২০২৬ (৩য় ব্যাচ) অথবা সুবিধাজনক সময়ে শীতলক্ষ্যা মাল্টিপারপাস হল, ওয়াসা ভবন এ আয়োজন করা যেতে পারে। উক্ত প্রশিক্ষণ কর্মশালার ০৩ ব্যাচে অংশগ্রহণের জন্য সংযুক্ত তালিকায় উল্লিখিত ১৫০ (একশত পঞ্চাশ) জন কর্মকর্তার মনোনয়ন অনুমোদন করা যেতে পারে। প্রস্তাবিত খসড়া তালিকায় উল্লিখিত কোন কর্মকর্তা যৌক্তিক কারণে প্রশিক্ষণে অংশগ্রহণ করতে অপারগ হলে সমপর্যায়ের অন্য আগ্রহী কর্মকর্তাকে আমন্ত্রণ জানানো হবে। কর্মশালাটিতে বক্তৃতা প্রদানের জন্য স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন অডিট অধিদপ্তর এর মহাপরিচালক মহোদয়সহ অডিট আপত্তি ও নিষ্পত্তির সাথে সংশ্লিষ্ট কর্মকর্তাদের আমন্ত্রণ জানানো হবে।

০২। পূর্ণকর্মদিবসব্যাপী ০৩ ব্যাচে ১৫০ (একশত পঞ্চাশ) জনের জন্য উক্ত প্রশিক্ষণ সম্পাদনের সম্ভাব্য ব্যয় নিম্নরূপঃ

(ক) বক্তার সম্মানী	৭০,২০০/-	(৪ সেনসন ৩,৬০০/- টাকা হারে+৩ সেনসন ৩,০০০/- টাকা হারে)×৩ ব্যাচ
(খ) প্রশিক্ষণার্থীদের ভাতা	১,২০,০০০/-	০৩ ব্যাচের ১৫০ জন ৮০০/- হারে
(গ) কোর্স পরিচালকের সম্মানী	৬,০০০/-	২,০০০/- টাকা হারে ব্যাচ
(ঘ) কোর্স সমন্বয়কের সম্মানী	৪,৫০০/-	১,৫০০/- টাকা হারে ৩ ব্যাচ
(ঙ) সহায়ক স্টাফের সম্মানী	৯,০০০/-	৩ জন ১,০০০/- টাকা হারে ৩ ব্যাচ
(চ) দুপুরের খাবার ও ২ বেলা চা নাস্তা	১,০৪,৪০০/-	বক্তা সাপোর্টিং স্টাফসহ ৬০ জন ৫৮০/- টাকা হারে ৩ ব্যাচ
(ছ) পানি	৬,০৭৫/-	আধা লিটার ১৫ কেস ১৩৫/- টাকা হারে ৩ ব্যাচ
(জ) পাটের ব্যাগ, নোটবুক ও কলম	৬৭,৫০০/-	০৩ ব্যাচের ১৫০ সেট ৪৫০/- টাকা হারে
(ঝ) প্রশিক্ষণ মডিউল ফটোকপি ও বিবিধ	২০,০০০/-	০৩ ব্যাচের জন্য আনুমানিক লামসাম
সর্বমোট	=৪,০৭,৬৭৫/-	(কথায়ঃ টাকা চার লক্ষ সাত হাজার ছয়শত পঁচাত্তর মাত্র)

০৩। এমতাবস্থায়, “অডিট আপত্তি নিষ্পত্তি”-শীর্ষক প্রশিক্ষণ কর্মশালার ০৩ ব্যাচে অংশগ্রহণের জন্য ১৫০ (একশত পঞ্চাশ) জন প্রশিক্ষণার্থীর মনোনয়ন, প্রশিক্ষণ কর্মশালার প্রোগ্রাম এবং কর্মশালা আয়োজনে প্রয়োজনীয় ব্যয় নির্বাহের নিমিত্তে প্রশিক্ষণ কেন্দ্রের “প্রশিক্ষণ ফি” খাতের বরাদ্দ হতে সর্বমোট =৪,০৭,৬৭৫/- (চার লক্ষ সাত হাজার ছয়শত পঁচাত্তর মাত্র) টাকা ব্যয়ের এবং ক্ষেত্রমতে প্রয়োজ্য ভ্যাট ঢাকা ওয়াসা হতে বহন করার অনুমোদনসহ উক্ত পরিমাণ টাকা প্রধান প্রশিক্ষণ কর্মকর্তার অনুকূলে অস্থায়ী অগ্রীম হিসেবে প্রদানের সদয় অনুমোদন দেয়া যেতে পারে। প্রস্তাবিত বাজেটে উল্লিখিত ব্যয়ের চাইতে খাতওয়ারী প্রকৃত ব্যয় কম/বেশি হতে পারে। তবে মোট প্রকৃত ব্যয় অনুমোদিত ব্যয়ের মধ্যে সীমাবদ্ধ থাকবে। কোর্সে সমাপ্তির পর সমুদয় অর্থ প্রকৃত ভাউচারের মাধ্যমে হিসাব বিভাগে সমন্বয় করা হবে।

সদয় অনুমোদনের জন্য পেশ করা হ’ল।

মোঃ খায়রুল বাশার
উপ-প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা (চ: দাঃ)
প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা ওয়াসা।

মোঃ ওয়াজ উদ্দীন
প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা
ঢাকা ওয়াসা।

মোঃ আমিরুল ইসলাম
(মুহাসবিব)
উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন)
ঢাকা ওয়াসা

মোঃ আমিনুল ইসলাম
ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ওয়াসা।

মোঃ আমিরুল ইসলাম
(মুহাসবিব)
উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন)
ঢাকা ওয়াসা